# জাগোনারী

আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা

## Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II

## ভার্মি কম্পোস্ট, বীজ, কীটনাশক ও অনান্য পণ্যসামগ্রী সরবরাহের জন্য

# টেন্ডার সিডিউল

বেসরকারি সংস্থা জাগোনারী বাংলাদেশের বিভিন্ন এলাকায় দাতা সংস্থার সহযোগিতায় একাধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় পটুয়াখালী জেলায় কেয়ার বাংলাদেশ এর সহযোগিতায় জাগোনারী বাস্তাবায়িত **Promoting Disaster Ready Inclusive Preparedness towards Adaptation (PRODRIPTA/ প্রদৃপ্ত) – Phase II** শীর্ষক প্রকল্পের আওতায় ভার্মি কম্পোস্ট, বীজ ও কীটনাশকসহ অনান্য পণ্যসামগ্রী সরবরাহের জন্য আগ্রহী সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে।

**ক. সাধারন তথ্যাবলী:**

| | | |
|---|---|---|
| টেন্ডার রেফারেন্স | : | জানা/বর/প্রদৃপ্ত-টেন্ডার/ ওটিএম/ এপ্রিল ২০২৬ (০৫) |
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ০৬ এপ্রিল ২০২৬ খ্রি. |
| দরপত্র জমা দেয়ার শেষ তারিখ | : | ১২ এপ্রিল ২০২৬ খ্রি. |
| দরপত্র উন্মুক্তকরণের তারিখ | : | ১৩ এপ্রিল ২০২৬ খ্রি., দুপুর ১২.০০ ঘটিকা<br>দরপত্র উন্মুক্তকরণের সময়ে সকল দরদাতা প্রতিষ্ঠানকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। |
| যে ভাবে দরপত্র বিজ্ঞপ্তি, টেন্ডার সিডিউল এবং প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করতে পারবেন | : | জাগোনারীর ওয়েবসাইটে ঢুকে টেন্ডার সিডিউল, আবেদন ফরম ও প্রাইস কোটেশন ফরম সংগ্রহ করা যাবে।<br>এ ছাড়াও জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন (৩য় তলা), কলেজ রোড, বরগুনা ও জাগোনারী প্রকল্প অফিস, সুমনা মঞ্জিল, কদম আলী মৃধা ভবন, ৩ নং ওয়ার্ড, কলাপাড়া, পটুয়াখালী থেকেও দরপত্র সংক্রান্ত কাগজপত্র সংগ্রহ করা যাবে। |

**খ. দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতা ও দরপত্র দাখিলের পদ্ধতি:**

১. দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই দরপত্রের সাথে হালনাগাদ সরবরাহকারী ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে;

২. সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের কমপক্ষে ৫ লক্ষ  টাকা মূল্যের পন্য/মালামাল/উপকরণ সরবরাহ করার সক্ষমতা থাকতে হবে।

৩. দরদাতা প্রতিষ্ঠানের নামে ব্যংক হিসাব থাকতে হবে এবং শেষ ০১ মাসের  ব্যাংক স্টেটমেন্ট দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

৪. দরপত্রের সাথে সরবরাহ কাজের অভিজ্ঞতার প্রমানক হিসেবে সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ সংযুক্ত করতে হবে;

৫. দরপত্রের বৈধতার সময়সীমা ও ব্যাংক হিসাবের পূর্ণাঙ্গ তথ্য দরপত্রে উল্লেখ থাকতে হবে;

৬. সিলযুক্ত খামের মধ্যে দরপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **আহবায়ক, ক্রয় কমিটি, জাগোনারী প্রধান কার্যালয়, আসাহী ম্যানশন, কলেজ রোড, বরগুনা** অথবা **জাগোনারী প্রকল্প অফিস, সুমনা মঞ্জিল, কদম আলী মৃধা ভবন, ৩ নং ওয়ার্ড, কলাপাড়া, পটুয়াখালী - এই ঠিকানায় সরাসরি/ডাকযোগে দরপত্র দাখিল করতে হবে;**

৭. Annexure-1.1: Price Quotation Form, Annexure-1.2: Application Form প্রতিষ্ঠানের অফিসিয়াল/নিজস্ব প্যাডে প্রিন্ট করে দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্র দাখিল করতে হবে।

৮. প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের ব্র্যান্ডের নাম উল্লেখ করে দরপত্র দাখিল করতে হবে;

৯. কোন প্রতিষ্ঠান সরাসরি দরপত্র জমা দিলে নিজ হাতে টেন্ডার বক্সে দরপত্র ফেলে যাবেন এবং কুরিয়ার সার্ভিস/ডাকযোগে প্রাপ্ত দরপত্র জাগোনারী কর্তৃপক্ষ রেজিস্টারভূক্ত করে টেন্ডার বক্সে ফেলবেন;

১০. দরপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখ শেষ হলে জাগোনারী'র ক্রয় কমিটি নিয়মানুযায়ী টেন্ডার বক্স খুলবেন এবং দরপত্র মূল্যায়ন করবেন।

**গ. দরপত্র মূল্যায়ন ও সরবরাহকারী নির্বাচনের পদ্ধতি:**

১. নিম্মলিখিত বিবরণ অনুযায়ী স্কোরিং পদ্ধতি অনুসরন করে দরপত্র মূল্যায়ন করা হবে:

| স্কোরিং এর মানদন্ড | নম্বর | মন্তব্য |
|---|---|---|
| দর | ৩০ | আর্থিক |
| লিগ্যাল ডকুমেন্টস (ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও হালনাগাদ আয়কর রিটান) | ২০ | টেকনিক্যাল |
| অভিজ্ঞতা (সরবরাহ কাজে অভিজ্ঞতা সনদ/কার্যাদেশ) | ১০ | টেকনিক্যাল |
| আর্থিক সক্ষমতা (ব্যাংক স্টেটমেন্ট টাকার পরিমান বিবেচ্য বিষয় হিসেবে ধরা হবে) | ১০ | টেকনিক্যাল |
| পণ্যেও ব্রান্ড ভ্যালু | ২০ | টেকনিক্যাল |
| ডেলিভারি টাইম | ১০ | টেকনিক্যাল |
| মোট | ১০০ | |

২. শুধুমাত্র টেকনিক্যাল মূল্যায়নে গৃহিত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে আর্থিক ও চূড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে। টেকনিক্যাল মূল্যায়নে অগ্রহণযোগ্য হলে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে আর্থিক ও চূড়ান্ত মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে না;

৩. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

**ঘ. উপকরন/মালামাল/পন্যসামগ্রী সরবরাহের নিয়ামাবলী:**

১. সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান নিজস্ব খরচ ও ব্যবস্থাপনায় চাহিদেয় উপকরণ/মালামাল/পণ্যসামগ্রী কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জাগোনারী প্রদৃপ্ত প্রকল্পের কর্ম এলাকা: পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার লালুয়া ও মিঠাগঞ্জ ইউনিয়নের পালকি বাজার, রাঙ্গাবালী উপজেলার চালিতাবুনিয়া ইউনিয়নে গনগ্রন্থগার, মৌজুবী ইউনিয়নে ভুইয়াকান্দা পালকি বাজার, ছোটবাইশদিয়া ইউনিয়নে গইনখালী পালকি বাজার ও চরমোন্তাজ ইউনিয়নে উত্তর চরমোন্তাজ পালকি বাজারে পৌঁছে দিবেন;

২. সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ/ক্রয় আদেশ প্রদানের ৫ কর্মদিবসের মধ্যে চাহিদেয় মালামাল নির্ধারিত স্থানে সরবরাহ করতে হবে।

৩. অনিবার্য কারণ বশত: নির্ধারিত সময়ের মধ্যে চাহিদেয় উপকরণ/পন্যসামগ্রী পৌঁছাতে ব্যর্থ হলে বিলম্বজনিত সরবরাহের উপযুক্ত কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান জাগোনারী কর্তৃপক্ষের নিকট সরবরাহের সময়সীমা বর্ধিত করার জন্য লিখিতভাবে আবেদন করতে পারবেন। এ প্রেক্ষিতে চাহিদেয় উপকরণ/পণ্য সরবরাহের বিলম্বজনিত কারণ সঠিক বলে বিবেচিত বা প্রমানিত হলে সরবরাহের সময়সীমা অনুর্ধ ২ কর্মদিবস পর্যন্ত বর্ধিত করা যেতে পারে। বিলম্বজনিত সরবরাহের জন্য উপকরণ/পণ্য সরবরাহের নির্ধারিত সময়সীমার পর প্রতিদিন বিলম্বের জন্য মোট বিল থেকে ১% কর্তন করে বিল প্রদান করা হবে।

৪. কার্যাদেশ প্রদানের পর কোন উপকরণ/পণ্যের ব্রান্ড পরিবর্তন করতে হলে কার্যাদেশ প্রদানের ২ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে জাগোনারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং কার্যাদেশে উল্লেখিত ব্রান্ডের সমমান অথবা তার চেয়ে ভালো মানের উপকরণ/পণ্য সরবরাহ করতে হবে।

**ঙ. বিল পরিশোধ পদ্ধতি:**

১. নির্ধারিত সময়ের মধ্যে সন্তোষজনকভাবে চাহিদেয় মালামাল/উপকরণ/পন্যসামগ্রী সরবরাহ/কার্য সম্পাদন করার পর ব্যাংক চেক/অনলাইন পদ্ধতিতে বিল পরিশোধ করা হবে;

২. মোট বিলের উপর সরকারি বিধি মোতাবেক ট্যাক্স কর্তন করা হবে।

**চ. আবশ্যকীয় শর্তাবলী:**

১. কোনরূপ ত্রুটিপূর্ণ মালামাল/উপকরন/পন্যসামগ্রী গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান ত্রুটিপূর্ণ মালামাল/উপকরণ/পন্যসামগ্রী ফেরত নিতে বাধ্য থাকবেন এবং জাগোনারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী সমপরিমান মালামাল/উপকরণ/পন্যসামগ্রী পুনরায় সরবরাহ করবেন।

**ছ. বিশেষ বার্তাসমূহ:**

১. জাগোনারী কোন কারন দর্শানো ব্যতিত উক্ত বিজ্ঞপ্তি/দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

২. **জাগোনারী কোন ধরনের নারী, শিশু ও যৌন নির্যাতনকারীকে প্রশ্রয় দেয় না;**

৩. নির্বাচিত সরবরাহকারী প্রতিষ্ঠান অবশ্যই জাগোনারীর সেইফগার্ডিং ও যৌন শোষণ ও হয়রানি প্রতিরোধ পলিসি মেনে চলতে বাধ্য থাকবেন। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরূপ নারী বা শিশু নির্যাতনের অভিযোগ প্রমানিত হলে জাগোনারী কর্তৃপক্ষ উক্ত কার্যাদেশ বাতিল করতে পারবেন;

৪. কোনরূপ তদবীর/প্রভাবিত করা গ্রহণযোগ্য নয়;

**জ. সংযুক্তি:**

১. Annexure -1.1: Price Quotation Form for Fertilizer, Seed & others Materials.

২. Annexure - 1.2: Application Form

দরপত্র সংক্রান্ত কোন অস্পষ্টতা থাকলে প্রয়োজনে ফোন করুন এই নম্বরে: ০১৭১১ ৩২২৩১৪। এ ছাড়া অন্য কোন বিষয়ে আলোচনা বা তদবিরের জন্য ফোন না করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: ০ :::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::::: :::